উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

## বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে অক্টোবর'২০২১ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

21.10.21

(অমিত চক্রবর্তী)
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২১-৮৬৬

তারিখ ঃ ০৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ..................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। অফিস কপি।

21.10.21

উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর অক্টোবর'২০২১ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

সভার তারিখ ঃ ২৭ অক্টোবর ২০২১ খ্রিঃ।

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত সেপ্টেম্বর'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় সেপ্টেম্বর'২০২১ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলমান প্রেক্ষাপটে বন্যা পরবর্তী কচিঘাস গবাদি পশু খেলে বিভিন্ন ক্ষুরা রোগে আক্রান্ত হতে পারে। আগামী কোরবানী ঈদে সরবরাহের নিমিত্তে খামারীগণ কর্তৃক গরু মোটাতাজাকরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বর্তমান রবি মৌসুমে ব্যপক রবি শষ্য (গম, ভুট্রা, সরিষা, চিনাবাদাম, মরিচ, শাকসবজি) আবাদের সম্ভাবনা রয়েছে। অক্টোবর ও নভেম্বর মসের চাহিদার তুলনায় ইউরিয়া সার বরাদ্দ কম থাকায় অতিরিক্ত বরাদ্দের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের নিকট পত্র প্রেরণ করার প্রস্তাব করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। । | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপি খাত হতে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণ কাজ সম্প্রসারণ করার জন্য গত সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণ কাজ সম্প্রসারণ প্রকল্প সুন্দরভাবে সম্পন্ন করার জন্য আরও অতিরিক্ত =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এডিপি খাত হতে ব্যয় | ০১। বঙ্গবন্ধু মুর‍্যাল নির্মাণ সম্প্রসাণর কাজ ২০২১-২২ অর্থ বছরে এডিপি খাত হতে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক)। বঙ্গবন্ধ ম্যুরাল নির্মাণ কাজ সম্প্রসারণ(অংশ-১)- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা প্রয়োজন।<br>প্রাক্কলন মোতাবেক এডিপি খাত হতে পিআইসি কমিটির মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>প্রকল্প ঃ<br>(ক)। বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণ কাজ সম্প্রসারণ(অংশ-১)- ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>(খ)। বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণ কাজ সম্প্রসারণ(অংশ-২)- ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>প্রকল্প কমিটি দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করেন। কমিটি প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করা সম্ভব।<br>উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় আরও জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পার্শ্বে নির্মিত আনসার আবাসন ভবন নির্মাণ কাজের প্রয়োজন হেতু অনুমোদিত ডিজাইন ও প্রাক্কলনের অতিরিক্ত কাজ বাস্তবায়ন করার নিমিত্তে এডিপি খাত হতে =২,০০,০০০/- (দুইলক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তত করার হয়েছে। সভায় অনুমোদিত হলে পিআইসি কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়ন করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় আরও জানান যে, অত্র উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি মেরামত ও রং করা প্রয়োজন। এছাড়াও অত্র উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের চিলাকুটি মেরামত, পানির লাইন সংস্কার ও গিজার, পানির ট্যাংক স্থাপন প্রয়োজন। এছাড়াও বাসভবনের বাউন্ডারী ওয়াল এবং জীপ গাড়ীর গ্যারেজ মেরামত ও রং করা প্রয়োজন। সভায় অনুমোদিত হলে উপজেলা পরিষদের রাজস্ব খাত (বাসাবাড়ী) হতে নিম্নবর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়নের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করা যেতে পারে।<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রং করণ (অংশ-১) =২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত, রং করণ ও বাসভবনের পশ্চিম পার্শ্বে বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ (অংশ-২) =২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বাসাবাড়ী ও ডরমেটরীর ভাড়া নিয়মিত আদায় হচ্ছে না। ফলে পরিষদের রাজস্ব আয় হ্রাস পাচ্ছে। পরিষদের বাসাবাড়ী ও ডরমেটরীতে কে বা কাহারা বসবাস করছেন তার তথ্য এবং বসবাসকারী বরাদ্দ গ্রহণ করেছেন কি না, ভাড়া ও বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধ করেছেন কিনা তার বিস্তারিত প্রতিবেদন আগামী সভার পূর্বে দাখিল করার জন্য উপজেলা প্রকৌশীকে অনুরোধ করেন।<br>অবৈধবাবে বাসাবাড়ী ও ডরমেটরীতে বসবাসকারীগণ হতে ভাড়া আদায়সহ দখল হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে এ বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (খ)। বঙ্গবন্ধ ম্যুরাল নির্মাণ কাজ সম্প্রসারণ(অংশ-২)- ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পার্শ্বে নির্মিত আনসার আবাসন ভবন নির্মাণ কাজের অনুমোদিত ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক এডিপি খাত হতে অতিরিক্ত কাজ পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রং করণ (অংশ-১) =২,০০,০০০/- (দুইলক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত পূর্বক ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত, রংকরণ, বাসভবনের পশ্চিম পার্শ্বে বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ(অংশ-২) =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত পূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (বাসাবাড়ী) খাত হতে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। উপজেলা পরিষদের বাসাবাড়ীতে বসবাসকারী যেসকল কর্মকর্তা/কর্মচারী ভাড়া ও বিদ্যুৎ বিল পরিশোধ করছেন না তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়নাধীন, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় রুরাল পাইপ সাপ্লাই স্কিম এর আওতায় বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে স্থান নির্বাচনের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। | সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চর রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে টি ৩১ শয্যা হতে ৫০ শর্যায় উন্নীত হলেও এখনও জনবল পদায়ন হয় নি। এমতাবস্থায়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজিবপুর, কুড়িগ্রামে প্রয়োজনীয় সংখ্যক জনবল পদায়নের জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রমে নিরাপত্তার বিষয়ে সার্বিক সহযোগিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজিবপুর, কুড়িগ্রামে প্রয়োজনীয় সংখ্যক জনবল পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২১-২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) সাধারণ ১ম পর্যায় উন্নয়ন খাতের আওতায় ২০,৬১,০৩৯/- টাকা এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) সাধারণ ১ম পর্যায় নগদ অর্থ ৩১,৯৫,৯১৭/- টাকা ও কাবিখা চাল ৬৭.৬২৪৬ মে.টন এবং গম ৬৭.৬২৪৬ মে.টন বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দ প্রাপ্ত অর্থ এবং খাদ্য শস্য ইউনিয়ন ওয়ারী বিভাজনের লক্ষ্যে উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় সম্মানিত সকল সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। করোনা এবং বন্যা পরবর্তী সময়ে খাদ্যে কষ্টে থাকলে ৩৩৩ তে কলকরা ব্যক্তিদের জন্য খাদ্য সহায়তা কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান তিনথোপা পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে গর্ত ভরাট করা প্রয়োজন। প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আগামী ৩০/১০/২০২১ হতে ০৫/০১১/২০২১ পর্যন্ত শিক্ষার্থীদের কৃমিনাশক ঔষধ খাওয়ানো হবে। এ বিষয়ে শিক্ষকদের অবহিত করা হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আইজিএ প্রকল্পের ২টি ট্রেডের জন্য রুম বরাদ্দ প্রয়োজন। বাল্য বিবাহ প্রতিরোধে প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আগামী ৬ নভেম্বর'২০২১ খ্রিঃ তারিখে ৫০তম জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। এবারের দিবসটির প্রতিপাদ্য ''বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন''। জাতীয় সমবায় দিবস উদযাপনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী উন্নয়ন বোর্ড, রাজিবপুর উপজেলা দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান দাপ্তরিক ও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ২০২১-২২ অর্থ বছরে এখন পর্যন্ত কোন প্রকল্প পাওয়া যায় নাই। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান করোনা মহামারী পরবর্তী সকল শিক্ষা প্রতিষ্ঠান সীমিত আকারে চালু আছে। আগামী ১৪ নভেম্বর/২১ তারিখ থেকে এসএসসি/সমমান পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। চর রাজিবপুর উপজেলায় মোট ৪টি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১২-১৭ বছর বয়সী সকল শিক্ষার্থীকে করোনা টিকা দেওয়ার জন্য তালিকা সংগ্রহ করা হচ্ছে। ভিটামিন এ ক্যাপসুল ও কৃমিনাশক খাওয়ানো হবে। শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ কাজ শুরু হয়েছে। সকল কাজে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের জানালা, দরজা ভেঙ্গে জরাজীর্ন অবস্থায় আছে। মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক অক্টোবর/২০২১ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের অক্টোবর/২০২১ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) অক্টোবর/২০২১ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। অক্টোবর/২০২১ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, কলম ও ফাইলবোড) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। অক্টোবর/২০২১ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, | ০১। অক্টোবর/২০২১ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২৬ সেপ্টেম্বর/২০২১ হতে ১৪ অক্টোবর/২০২১ খ্রিঃ পর্যন্ত সময়ের জন্য করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। জুলাই/২০২১ হতে অক্টোবর/২০২১ পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ও উপজেলা পরিষদের কোয়ার্টারে বর্জ্য ব্যবস্থাপনা বাবদ ব্যয় =৩৫,৭৫০/- (পঁয়ত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা।<br>০৬। অক্টোবর/২০২১ মাসের সুইপার ০১(এক) জন দৈনিক মজুরী (৫০০×২০ দিন) =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৬/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকের বরাদ্দ পত্র মোতাবেক ২০২১-২২ অর্থ বছরে ২৬ সেপ্টেম্বর/২০২১ হতে ১৪ অক্টোবর/২০২১ খ্রিঃ পর্যন্ত সময়ের জন্য করোনা ভাইরাস(কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক কার্যক্রম বাস্তবায়নে বিনামূল্যে বিতরণের জন্য- মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও এন্টিসেপটিক সাবান ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয়/সরবরাহ বাবদ =১,০০,০০০/- (একলক্ষ) টাকা ব্যয় অনুমোদন প্রয়োজন।<br>তিনি আরও জানান যে, অত্র রাজিবপুর উপজেলায় কোভিড-১৯ আক্রান্ত রোগিদের জরুরী সেবা প্রদানের নিমিত্তে অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি (অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার, পাল্‌স অক্সিমিটার) প্রাক্কলন মোতাবেক ক্রয় করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজিবপুর, কুড়িগ্রামে সরবরাহের লক্ষ্যে অত্র কার্যালয়ের ২৮/০৬/২০২১ খ্রিঃ তারিখের ০৫.৪৭.৪৯০৮.০০০.০৩. ০০৫.২০-৫৩৮/১ নং স্মারক মুলে ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অতিরিক্ত =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন চাওয়া হলে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৬/০৯/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০. ০৪৬.১৮.০৪৬.১২.১১৪ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অতিরিক্ত =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়।<br>এমতাবস্থায়, অত্র রাজিবপুর উপজেলায় কোভিড-১৯ আক্রান্ত রোগিদের জরুরী সেবা প্রদানের নিমিত্তে অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি (অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার, পাল্‌স অক্সিমিটার) প্রাক্কলন মোতাবেক ক্রয় করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চর রাজিবপুর, কুড়িগ্রামে সরবরাহের নিমিত্তে গত সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভার ১৭ নং অনুচ্ছেদের সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্রাফিসের ২৮/০৯/২০২১ খ্রিঃ তাখিের ০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৪১.২১-৭৯৩ নং স্মারক পত্র মোতাবেক কোটেশন বিজ্ঞপ্তি আহবান করা হয়।<br>অত্রাফিসের ২৮/০৯/২০২১ খ্রিঃ উক্ত তাখিের ০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৪১.২১-৭৯৭ নং স্মারক পত্রে গঠিত দরপত্র যাচাই-বাছাই তথা মূল্যায়ন কমিটি কর্তৃক প্রাপ্ত দরপত্র যাচাই-বাছাই তথা মূল্যায়ন পূর্বক সর্বনিম্ন | এন্টিসেপটিক সাবান ইত্যাদি সুরক্ষা সামগ্রী ক্রয়/সরবরাহ বাবদ ব্যয় =১,০০,০০০/- (একলক্ষ) টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। অত্র উপজেলায় কোভিড-১৯ আক্রান্ত রোগীদের জরুরী সেবা প্রদানের লক্ষ্যে অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি (অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার, পাল্‌স অক্সিমিটার)ক্রয়/সরবরাহের বিল পরিশোধের নিমিত্তে সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকুলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ভ্যাট ও আয়করসহ সর্বমোট =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দরদাতা হিসেবে ভাই ভাই ভ্যারাইটিস ষ্টোর, রাজিবপুর বাজার, চর রাজিবপুর-এর দাখিলকৃত দর অনুমোদিত হয়। চাহিত অত্যাশ্যকীয় যন্ত্রপাতি (অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার, পাল্স অক্সিমিটার) প্রাক্কলন মোতাবেক উক্ত ব্যবসায়ী প্রতিষ্ঠান কর্তৃক মালামাল গ্রহণ কমিটির নিকট সরবরাহ করে =৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার বিল পরিশোধের জন্য অত্র কার্যালয়ে আবেদন দাখিল করেছেন (ভাউচার সংযুক্ত)। সভার সিদ্ধান্ত মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে =৩,০০,০০০/- টাকা বিল পরিশোধ করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে আগামী সভায় উপস্থত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রশিক্ষণ আপাতত বন্ধ রয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান রাজিবপুর ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর ইউনিয়নের আওতায় পাকা এবং কাঁচা রাস্তা বন্যা এবং অতিবৃষ্টির কারণে ভেঙ্গে গেছে। রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। তিনি আরও জানান যে, রাজিবপুর হাট-বাজারের বিভিন্ন উন্নয়নমূলক কাজ যেমন- ড্রেন সংস্কার ও গোলির রাস্তা পাকা করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান কোদালকাটি ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান টাঙ্গালিয়া পাড়া খাজার ঘাটের পার্শ্বে একটি কাঠের ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি'র প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | পুলিশ টহল বৃদ্ধিসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে অত্র উপজেলার ৩টি ইউনিয়নের যথাক্রমে-রাজিবপুর ইউনিয়নে ১২টি, কোদালকাটি ইউনিয়নে ৯টি ও মোহনগঞ্জ ইউনিয়নে ৯টি ভোট কেন্দ্র সর্বমোট ৩০টি খসড়া ভোট কেন্দ্র প্রস্তত করা হয়েছে। তফশিল ঘোষণা হলে খসড়া ভোট কেন্দ্র প্রকাশ করা হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৯) | হিসাবরক্ষণ অফিস | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আনসার ও ভিডিপি অফিসের দরজা, জানালা ভেঙ্গে গেছে মেরামতের জন্য প্রশাসনের দৃষ্টি আকর্ষন করেন। চলতি মাসে ১০ দিন মেয়াদী ভিডিপি ট্রেনিং শুরু হবে। এই ট্রেনিংগুলোর প্রয়োজনীয় জিনিসপত্র রাখার নিরাপদ অফিস কক্ষের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্রাফিসের ছাদ দিয়ে পানি ঝড়ে। অফিসের গুরুত্বপূর্ণ নথিপত্র, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়াও ছাদের আস্তরণ খসে পড়ছে। উপজেলা পরিষদের একটি কক্ষ বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | আমার বাড়ি আমার খামার প্রকল্প | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান খেলাপী ঋণ গ্রহীতার নিকট থেকে ঋণ আদায়ের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে দিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে সদস্য ভর্তি ১০ জন, সঞ্চয় আদায় ৩.৩৫ লক্ষ টাকা, ঋণ বিতরণ ২১.১৫ লক্ষ টাকা, ঋণ আদায় ২৫.১১ লক্ষ টাকা। আদায় হার ৯৫%। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা সভায় জানান স্বাস্থ্য বিধি মেনে এবং সামাজিক দুরত্ব বজায় রেখে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান করোনার টিকা গ্রহণের জন্য রেজিস্ট্রেশনসহ বিভিন্ন অনলাইন আবেদন পুরণ কাজ অব্যাহত রয়েছে। উঠান বৈঠক কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা সভায় উপস্থিত না থাকায় আইসিটি শাখা সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় জানান যে, সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক। জালচিরা বাধ হতে বালিয়ামারী বিওপি পর্যন্ত রাস্তা মেরামত করা প্রয়োজন। | সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সার্বক্ষণিক টহল বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৮

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৯) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর ২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(২০) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবদিহিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর ২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, মোঃ আব্দুল্লাহ, পিতা-মোঃ জহুরুল ইসলাম, সাং-আজগর দেওয়ানী পাড়া, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তিনি দীর্ঘ কয়েক মাস যাবৎ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে মালি হিসেবে কাজ করে আসছেন। তাকে কোন প্রকার মজুরী দেওয়া হয়নি। পরিষদের সভার সিদ্ধান্ত মোতাকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক মালি/সুইপার খাত হতে সরকার কর্তৃক নির্ধারিত হারে দৈনিক মজুরী(সরকারী ছুটির দিন ব্যতিত) প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান।

০১। (ক) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১০/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী ব্যয়/খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয় করার পত্র পাওয়া গেছে। জুলাই/২০২১ হতে সেপ্টেম্বর/২০২১ পর্যন্ত উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় বকেয়া রয়েছে। এমতাবস্থায়, সূত্রোক্ত স্মারক পত্রের আলোকে সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয়/খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।

(খ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের গাড়ি চালক জাহাঙ্গীর আলম গত ২৪ সেপ্টেম্বর'২০২১ খ্রিঃ তারিখে কর্মরত অবস্থায় মৃত বরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। অত্র উপজেলা পরিষদের গাড়ি চালক পদটি শুন্য হয়েছে। বিধায়, জরুরী ভিত্তিতে গাড়ি চালক পদে লোক নিয়োগ করা প্রয়োজন। বিধি মোতাবেক উপজেলা পরিষদের গাড়ি চালক এর শুন্য পদে লোক নিয়োগের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ছাড়পত্র অনুমোদনের প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। এমতাবস্থায়, উপজেলা পরিষদের গাড়ি চালক এর শুন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র অনুমোদনের প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করেন।

(গ) সভাপতি ও চেয়ারম্যান আরও জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক রাজিবপুর ইউনিয়নের বটতলা হতে পূর্বদিকে মোস্তান মোড় হয়ে বালিয়ামারী বাজার পর্যন্ত রাস্তার ভাঙ্গা, সরকার পাড়া রাস্তার ভাঙ্গা, আঃ বারী'র বাড়ীর সামনে ভাঙা রাস্তা, গড়াই মারী রাস্তার ভাঙ্গা ও মিয়া পাড়া রাস্তা, বটতলার পূর্ব পার্শ্বে রফিকুল মাস্টারের বাড়ীর পার্শ্বে ভাঙ্গা রাস্তা, বটতলা চৌরাস্তার পূর্বপার্শ্বে ভাঙ্গা রাস্তায় কাকড়া/ট্রাক্টর গাড়ি মাটি ও রাবিশ ইট দ্বারা মেরামত করা হয়েছে। উক্ত কাকড়া/ট্রাক্টর গাড়ির মালিক বিল পরিশোধের জন্য আবেদন করেছেন। সভার সিদ্ধান্ত মোতাবেক তাৎক্ষণিকভাবে ভাঙ্গা রাস্তা মেরামত বাবদ ব্যয় উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ ০১। উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক মালি/সুইপার খাত হতে মোঃ আব্দুল্লাহ'কে নভেম্বর/২০২১ মাস হতে মালি হিসেবে সরকার কর্তৃক নির্ধারিত হারে দৈনিক মজুরী (সরকারী ছুটি দিন ব্যতিত) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। উপজেলা পরিষদের গাড়ি চালক এর শুন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র অনুমোদনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। রাজিবপুর ইউনিয়নের ভাঙ্গা রাস্তা তাৎক্ষণিকভাবে মেরামত বাবদ ব্যয় উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

চলমান পাতা-৯

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২১

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২০-৮৯০

তারিখ ঃ ১১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

২৭/১০/২০২১

(অমিত চক্রবর্ত্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd